Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৪ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

19 November 2024

## নয়াদিগন্ত

### আয়কর রিটার্ন দাখিলের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বুথ উদ্বোধন

'আয়কর তথ্য-সেবা মাস-২০২৪' উপলক্ষে অনলাইন ও ম্যানুয়াল পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল, আয়কর রিটার্ন দাখিলের জন্য সহায়তা, ই-টিআইএন ও আয়কর বিষয়ক অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দু'দিনব্যাপী আয়কর সেবা বুথ উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের যৌথ উদ্যোগে এই কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সোমবার ও মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই আয়কর সেবা বুথ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যরা আয়কর রিটার্ন সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি রুটিন দায়িত্বে নিয়োজিত প্রোভিসি চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের ■ ১১ পৃ: ৪-এর কলামে

### আয়কর রিটার্ন দাখিলের লক্ষ্যে

৩য় পৃষ্ঠার পর

চেয়ারম্যান মো: আবদুর রহমান খান এফসিএমএ প্রধান অতিথি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (আন্তর্জাতিক কর) মো: জাহাঙ্গীর আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা কর অঞ্চল-১১-এর কর কমিশনার শারমিন ফেরদৌসী স্বাগত বক্তব্য দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি



ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দু'দিনব্যাপী আয়কর প্রদান বুথ উদ্বোধন করা হয় ■ নয়া দিগন্ত

## দৈনিক বর্তমান



### আয়কর রিটার্ন দাখিলের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বুথ উদ্বোধন

ঢাবি প্রতিনিধি

'আয়কর তথ্য-সেবা মাস-২০২৪' উপলক্ষে অনলাইন ও ম্যানুয়াল পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল, আয়কর রিটার্ন দাখিলের জন্য সহায়তা, ই-টিআইএন ও আয়কর বিষয়ক অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দু'দিনব্যাপী আয়কর সেবা বুথ উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের যৌথ উদ্যোগে এই কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আজ সোমবার ও আগামীকাল মঙ্গলবার সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত এই আয়কর সেবা বুথ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যরা আয়কর রিটার্ন সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ প্রধান অতিথি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (আন্তর্জাতিক কর) মো. জাহাঙ্গীর আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা কর অঞ্চল-১১ এর কর কমিশনার শারমিন ফেরদৌসী স্বাগত বক্তব্য দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য ব্যক্তি পর্যায়ে কর প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারের সদস্যরা প্রতিবছর এধরনের আয়োজনের মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করে সুনাগরিকের দায়িত্ব পালন করে যাচ্ছেন। বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা এবং দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে ব্যক্তি ও প্রাতিষ্ঠানিকসহ সকল পর্যায়ে আয়কর প্রদানের হার বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন। 'পেপারলেস ইকোনমি'র দিকে এগিয়ে যেতে বাংলাদেশে এখন অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের ব্যবস্থা সহজীকরণ করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, উন্নত বিশ্বের মতো আমাদেরও অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের বিষয়ে অভ্যস্ত হতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান সামাজিক বৈষম্য নিরসনে 'প্রত্যক্ষ কর' প্রদানের উপর গুরুত্বারোপ করে বলেন, এই কর প্রদানের হার বাড়লে সমাজে ধনী-গরিব বৈষম্য কমবে। সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের চেতনার সঙ্গেও এটি সঙ্গতিপূর্ণ। করদাতাগণ এখন ঘরে বসে অনলাইনে দ্রুততম সময়ের মধ্যে সহজেই আয়কর রিটার্ন দাখিলের কার্যক্রম সম্পন্ন করতে পারছেন। অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের মাধ্যমে দুর্নীতি ও শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৪ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

19 November 2024

# ভোরের কাগজ

## আয়কর রিটার্ন দাখিলে ঢাবি বুথ উদ্বোধন

'আয়কর তথ্য-সেবা মাস-২০২৪' উপলক্ষে অনলাইন ও ম্যানুয়াল পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল, আয়কর রিটার্ন দাখিলের জন্য সহায়তা, ই-টিআইএন ও আয়কর বিষয়ক অন্যান্য সেবার লক্ষ্যে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দুই দিনব্যাপী আয়কর সেবা বুথ উদ্বোধন করা হয়েছে। 'ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের যৌথ উদ্যোগে এই কার্যক্রম নেয়া হয়। গতকাল সোমবার ও আজ মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই আয়কর সেবা বুথ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যরা আয়কর রিটার্ন সংক্রান্ত সেবা নিতে পারবেন। বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রোভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ প্রধান অতিথি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (আন্তর্জাতিক কর) মো. জাহাঙ্গীর আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা কর অঞ্চল-১১ এর কর কমিশনার শারমিন ফেরদৌসী স্বাগত বক্তব্য দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য ব্যক্তি পর্যায়ে কর প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা এবং দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে ব্যক্তি ও প্রতিষ্ঠানিকসহ সব পর্যায়ে আয়কর প্রদানের হার বৃদ্ধির ওপর তিনি গুরুত্বারোপ করেন।



আয়কর রিটার্ন দাখিল, আয়কর রিটার্ন দাখিলের জন্য সহায়তা, ই-টিআইএন ও আয়কর বিষয়ক অন্যান্য সেবার লক্ষ্যে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দুই দিনব্যাপী বুথ উদ্বোধন করা হয়। বিজ্ঞপ্তি

# দৈনিক বাংলা



## আয়কর রিটার্ন দাখিলে ঢাবিতে বুথ উদ্বোধন

'আয়কর তথ্য-সেবা মাস-২০২৪' উপলক্ষে অনলাইন ও ম্যানুয়াল পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল, আয়কর রিটার্ন দাখিলের জন্য সহায়তা, ই-টিআইএন ও আয়কর বিষয়ক অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে দুদিনব্যাপী আয়কর সেবা বুথ উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের যৌথ উদ্যোগে এই কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গতকাল ও আজ মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই আয়কর সেবা বুথ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যরা আয়কর রিটার্ন সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ প্রধান অতিথি এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (আন্তর্জাতিক কর) মো. জাহাঙ্গীর আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা কর অঞ্চল-১১ এর কর কমিশনার শারমিন ফেরদৌসী স্বাগত বক্তব্য দেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনশী শামস উদ্দিন আহম্মদ অনুষ্ঠান সঞ্চালন করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য ব্যক্তি পর্যায়ে কর প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যরা প্রতিবছর এ ধরনের আয়োজনের মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করে সুনাগরিকের দায়িত্ব পালন করে যাচ্ছেন। বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠা এবং দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখার লক্ষ্যে ব্যক্তি ও প্রতিষ্ঠানিকসহ সব পর্যায়ে আয়কর প্রদানের হার বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন। 'পেপারলেস ইকোনমি'র দিকে এগিয়ে যেতে বাংলাদেশে এখন অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের ব্যবস্থা সহজীকরণ করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, উন্নত বিশ্বের মতো আমাদেরও অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের বিষয়ে অভ্যস্ত হতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মো. আবদুর রহমান খান সামাজিক বৈষম্য নিরসনে 'প্রত্যক্ষ কর' প্রদানের ওপর গুরুত্বারোপ করে বলেন, এই কর প্রদানের হার বাড়লে সমাজে ধনী-গরিব বৈষম্য কমবে। সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনের চেতনার সঙ্গেও এটি সঙ্গতিপূর্ণ। করদাতারা এখন ঘরে বসে অনলাইনে দ্রুততম সময়ের মধ্যে সহজেই আয়কর রিটার্ন দাখিলের কার্যক্রম সম্পন্ন করতে পারছেন। অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের মাধ্যমে দুর্নীতি ও শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠায় নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। দ্রব্যমূল্য কমাতে সরকারের বিভিন্ন উদ্যোগ তুলে ধরে তিনি বলেন, এ লক্ষ্যে ইতোমধ্যেই বেশ কিছু নিত্যপণ্যের আমদানি শুল্ক প্রত্যাহার করা হয়েছে। -বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা সোমবার বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ৬৭তম বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় অন্যান্যের মধ্যে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মুহাম্মদ আরিফুর রহমান উপস্থিত ছিলেন -বর্তমান

## The Bangladesh Today




Blood donor awarding ceremony of Dhaka University Kabi Jasim Uddin Hall Unit, Badhan has been held recently at the hall auditorium recently. Photo : Md Jakir Hossain

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd


জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

৪ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

19 November 2024

## দৈনিক বাংলা



### ঢাবি কোষাধ্যক্ষের কাছে বৃত্তি তহবিলের চেক হস্তান্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত মনসুর আলী এবং আতাহারুন্নেছা বৃত্তি তহবিলের মূলধন বৃদ্ধির লক্ষ্যে রওশন জাহান হামিদা বেগম ১ লাখ টাকার একটি চেক গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী'র কাছে হস্তান্তর করেন। কোষাধ্যক্ষের কার্যালয়ে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান উপস্থিত ছিলেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর উদ্ভিদবিজ্ঞান বিভাগের স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। বিজ্ঞপ্তি

## মানবজমিন



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত মনসুর আলী এবং আতাহারুন্নেছা বৃত্তি তহবিল-এর মূলধন বৃদ্ধির লক্ষ্যে মিসেস রওশন জাহান হামিদা বেগম ১ লাখ টাকার একটি চেক ১৮ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীর কাছে হস্তান্তর করেন। কোষাধ্যক্ষের কার্যালয়ে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে অন্যদের মধ্যে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতার হোসেন খান উপস্থিত ছিলেন। এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর উদ্ভিদ বিজ্ঞান বিভাগের স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএপ্রাপ্ত শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। বিজ্ঞপ্তি